# 226477 - যে নারী নিজের সন্তান প্রতিপালন নিয়ে পিতামাতার সাথে মতভেদ করছেন

## প্রশ্ন

পিতামাতার আনুগত্যের ক্ষেত্রে নীতিমালা কী? নিঃসন্দেহে ইসলাম এ বিষয়ে গুরুত্বারোপ করেছে, আল্লাহ্‌ তাআলা তার আনুগত্যের সাথে পিতামাতার আনুগত্যের কথা উল্লেখ করেছেন। কিন্তু, পিতামাতা যদি সন্তান প্রতিপালনের বিষয়ে হস্তক্ষেপ করেন সেক্ষেত্রে করণীয় কী? উদাহরণতঃ আমি আমার ছেলেকে বলি যে, তুমি আগেআগে ঘুমাবে না। কারণ আগেআগে ঘুমালে সে রাতের বেলায় জেগে যায় এবং আমার ঘুম নষ্ট করে। কিন্তু, তারা উভয়ে আমাকে বলেন: আমি যেন তাকে তার মত ছেড়ে দিই; এখন এর হুকুম কী? আমি কি আমার ছেলেকে আমার মত করে লালনপালন করতে পারি; যদি সেটা শরিয়ত বিরোধী না হয়? আশা করি নসীহত পাব।

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

পিতামাতার আনুগত্য করা ওয়াজিব যতক্ষণ পর্যন্ত না তারা এমন কোন নির্দেশ দেন:

১। যেটা আল্লাহ্‌র অবাধ্যতা। দলিল হচ্ছে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: "গুনাহর ক্ষেত্রে কোন আনুগত্য নেই; আনুগত্য হচ্ছে— ভাল কাজে।"[সহিহ বুখারী (৭২৫৭)]

২। কিংবা যাতে সন্তানের উপরে কিংবা সন্তানের আশ্রয়ে যারা থাকে— সন্তান ও স্ত্রী প্রমুখ তাদের উপরে কোন শারীরিক ক্ষতি বর্তায়। দলিল হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: "কেউ অপরের দ্বারা ক্ষতিগ্রস্ত হবে না এবং অপরকেও ক্ষতিগ্রস্ত করবে না।"[সুনানে ইবনে মাজাহ (২৩৪০); আলবানী হাদিসটিকে 'সহিহ' আখ্যায়িত করেছেন]

৩। কিংবা যাতে স্বাভাবিকের অতিরিক্ত কষ্ট আছে। কেননা আল্লাহ্‌র নির্দেশাবলী পালন করাও সক্ষমতার শর্তযুক্ত। "আল্লাহ্‌ কারো ওপর তার সাধ্যাতীত দায়িত্ব চাপিয়ে দেন না" ।[সূরা বাকারা, আয়াত: ২৮৬] সুতরাং মাখলুকের নির্দেশ পালন এই শর্তযুক্ত হওয়া আরও বেশি যুক্তিযুক্ত। আরও জানতে পড়ুন 214117 নং প্রশ্নোত্তর।

পক্ষান্তরে, সন্তান প্রতিপালনের ব্যাপারে আপনার পিতামাতার সাথে মতভেদের বিষয়টি আপনি নিজে একটু ভেবে দেখুন। যদি তারা আপনাকে এমন কোন নির্দেশ দেন যেটা গুনাহর কাজ কিংবা যাতে আপনার উপর বা তাদের শারীরিক কোন ক্ষতি বর্তায় কিংবা যা পালন করা আপনার জন্য বা তাদের জন্য কষ্টসাধ্য: তাহলে এ অবস্থাগুলোর কোনটিতে তাদের আনুগত্য

করা আপনার উপর ওয়াজবি নয়।

কনি্তু, তার অর্থ এ নয় যে, আপনি রুক্ষভাবে ও অভদ্রভাবে তাদরে নর্িদশেকে প্রত্যাখ্যান করবনে; বরং কোমল আচরণ ও সুন্দর কথা দয়িে। আর যতদূর সম্ভব তাদরে সামনে তাদরে নর্িদশে অমান্য হওয়াটা প্রকাশ করবনে না।

আর যদি তাদরে নর্িদশেটি উপরোক্ত তনি অবস্থার কোন অবস্থায় না পড়ে তাহলে তাদরে নর্িদশে পালন করা আপনার উপর ওয়াজবি।

আপনি কি চান না যে, আপনার সন্তান আপনার আনুগত্য করুক? আপনওি আপনার পতিামাতার কাছে তমেন; সুতরাং তাদরে আনুগত্য করুন। কারণ পতিামাতার সাথে সদ্ব্যবহার ঋণরে মত এবং পতিামাতার অবাধ্যতাও ঋণরে মত।

আপনি পতিামাতার সাথে কোমল ও নম্র হওয়া, তাদরেকে সম্মান দয়ো ও তাদরে সাথে সদ্ব্যবহার ফুটয়িে তোলার সাধ্যমত চষ্টো করুন।

আল্লাহ্ই সর্বজ্ঞ।